59

দৈনিক জনকণ্ঠ

তারিখ 04 JUN 1997
পৃষ্ঠা ২ কলাম ৩

# সব বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে প্রভিডেন্ট ফান্ড চালুর নির্দেশ

সরকার সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের 'প্রভিডেন্ট ফান্ড' নিয়মিতকরণের জন্য নির্দেশ প্রদান করেছে। বেশকিছু শিক্ষা প্রতিষ্ঠান এই প্রক্রিয়া চালু করেনি অথবা বন্ধ রেখেছে—এমন অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকার এই নির্দেশ প্রদান করে। খবর তথ্য বিবরণীর।

বাংলাদেশ শিক্ষক সমিতির একটি প্রতিনিধি দল মোঃ কামরুজ্জামান, হেনা দাস, চৌধুরী খুরশিদ আলম প্রমুখের নেতৃত্বে মঙ্গলবার শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেকের সাথে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক সভায় আলোচনাকালে শিক্ষামন্ত্রীকে উপরোক্ত তথ্য জানানো হয়। শিক্ষামন্ত্রী শিক্ষক নেতৃবৃন্দকে জানান যে, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান স্বীকৃতির একটি প্রধান শর্তই হচ্ছে শিক্ষক-কর্মচারীদের 'প্রভিডেন্ট ফান্ড' চালু রাখা। যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান এই শর্ত থেকে সরে যায় তাহলে তাদের বিরুদ্ধে সরকার ব্যবস্থা গ্রহণ করবে।

নেতৃবৃন্দ শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা, বিশেষভাবে বাড়িভাড়া, ইনক্রিমেন্ট, টাইমস্কেল ইত্যাদি বিষয়েও শিক্ষামন্ত্রীর সাথে মতবিনিময় করেন।